



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ: ২০/০৩/২০১৮ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে

### শিক্ষকদের স্বাধীনতা কাপ ক্রিকেট টুর্নামেন্ট-২০১৮ উদ্বোধন

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকমণ্ডলীর অংশগ্রহণে শুরু হয়েছে স্বাধীনতা কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৮। অদ্য ২০ মার্চ ২০১৮ তারিখ বিকাল ৩.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে স্বাধীনতা কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৮ এর উদ্বোধন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এসময় উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের ডিনবন্দ, চেয়ারম্যানবন্দ, প্রক্টর, প্রভোস্টবন্দ, পরিচালকবন্দ সহ বিভিন্ন বিভাগের সম্মানিত শিক্ষকমণ্ডলী। উত্তাল মার্চ (ভাইস-চ্যান্সেলর একাদশ), বিজয় ৭১ (ট্রেজারার একাদশ), ভাষা ৫২ (ডিন, কলা ও মানবিক অনুষদ একাদশ) এবং স্বাধীনতা ৭১ (ডিন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ একাদশ) নামে শিক্ষকদের ৪টি টিমের মধ্যে স্বাধীনতা কাপ ক্রিকেট টুর্নামেন্ট-২০১৮ অনুষ্ঠিত হবে। উদ্বোধনী পর্বের খেলা উত্তাল মার্চ (ভাইস-চ্যান্সেলর একাদশ) বনাম ভাষা ৫২ (ডিন, কলা ও মানবিক অনুষদ একাদশ) এর মধ্যে অনুষ্ঠিত হয়। উক্ত টুর্নামেন্টের ফাইনাল খেলা আগামী ২৬ মার্চ ২০১৮ তারিখ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস